



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা।
www.lgd.gov.bd



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.০০.০০০০.০৬৪.১৪.০৮০.১৬-৪২৫

তারিখঃ ১২/০৪/২০২০খ্রিঃ।


বিষয়ঃ চলতি ২০১৯-২০ অর্থ বছরে পৌরসভার উন্নয়ন সহায়তা খোক বরাদ্দ খাতে প্রশিক্ষণ (অভ্যন্তরীণ+বিদেশ) উপ-খাতের জন্য বরাদ্দকৃত ৫.০০ কোটি টাকা অনুন্নয়ন বেতন খাতে (১৪৫০৫০০০০) সমন্বয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৯-২০ অর্থ বছরে পৌরসভা উন্নয়ন সহায়তা খোক বরাদ্দ খাতে ৪৫০.০০ কোটি টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের উপ-খাত বিভাজন অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। বর্ণিত বিভাজনে প্রশিক্ষণ (অভ্যন্তরীণ+বিদেশ) উপ-খাতে ৫.০০ কোটি টাকা রাখা হয়েছে। ইতোমধ্যে অন্যান্য উপ-খাতের ৩য় কিস্তির অর্থ ছাড় করা হলেও প্রশিক্ষণ (অভ্যন্তরীণ+বিদেশ) উপ-খাতের কোন টাকা এখনও ছাড় করা হয়নি।

০২। বর্তমানে সমগ্র বিশ্বে করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারী আকার ধারণ করছে, যার প্রভাব বাংলাদেশেও পড়েছে। করোনা পরিস্থিতির কারণে দেশের সরকারি সকল প্রতিষ্ঠান সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। ফলে পৌর মেয়র ও কর্মকর্তা-কর্মচারীদের বৈদেশিক ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হবে না। বর্তমানে করোনা পরিস্থিতির কারণে পৌরসভার সকল রাজস্ব আয়ের খাত হিসেবে চিহ্নিত হোল্ডিং ট্র্যাক্স, ট্রেড লাইসেন্স, দোকান ভাড়াসহ যাবতীয় রাজস্ব আয়ের পথ বন্ধ থাকায় পৌরসভাগুলোর পক্ষে তাদের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদি পরিশোধ করা দুরূহ হয়ে পড়েছে। বর্তমানে এই দুর্ঘোষণা মুহর্তে সাধারণ ছুটি চলাকালিন পৌরসভার কর্মকর্তা-কর্মচারী রাত-দিন পরিশ্রম করছে। এমন পরিস্থিতিতে তাদের বেতন-ভাতা পরিশোধ না করা হলে তারা মানবেতর জীবনযাপন করবেন।

০৩। এমতাবস্থায়, চলতি ২০১৯-২০ অর্থ বছরে পৌরসভা উন্নয়ন সহায়তা খোক বরাদ্দ খাতে প্রশিক্ষণ (অভ্যন্তরীণ+বিদেশ) উপ-খাতের জন্য বরাদ্দকৃত ৫.০০ কোটি টাকা অনুন্নয়ন বেতন-ভাতা খাতে (১৪৫০৫০০০০) সমন্বয়ের বিষয়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: অনুমোদিত নোট সিটের সত্যায়িত ছায়ািলপি।


(ফারজানা মান্নান)
উপসচিব
ফোন : ৯৫৭৫৫৭২

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। অফিস কপি।